Pentland Brands Limited
আমাদের মানদণ্ড 2021

আমাদের মানদণ্ড

Pentland

আমাদের ব্র্যান্ডসমূহ

berghaus

canterbury

ellesse

ENDURA

KangaROOS

Kickers*

LACOSTE**

FITCO ACTIVERETAIL

mitre

Red or Dead

SEAVEES

speedo

সমগ্র বিশ্বের জন্য ব্র্যান্ডগুলোর
একটি গোত্র তৈরি করা যাকে প্রজন্মের
পর প্রজন্ম ভালোবাসবে।

*ফুটওয়্যার লাইসেন্সধারী **যৌথ উদ্যোগ

জনগণ ও পরিবেশের প্রতি সম্মানটাই দীর্ঘ দিন যাবৎ আমাদের ব্যবসার মূল বিষয়। আমরা সহজ কাজ নয় বরং সঠিক কাজটি করার চেষ্টা করে থাকি, এবং সঠিক ন্যায়পরায়ণতার মাধ্যমে আমাদের সকল সিদ্ধান্ত নিয়ে থাকি।

ব্যবহারিক আচরণ বলতে কী বোঝায় তা স্পষ্ট করে তুলে ধরাটাই হলো আমাদের মানদন্ডগুলোর উদ্দেশ্য। আমরা সঠিক উপায়ে ব্যবসা বজায় রাখছি কিনা তা নিশ্চিত করতে সুশাসন, কার্যকরি ঝুঁকি ব্যবস্থাপনা এবং বলিষ্ঠ আইনি ও নীতিগত সম্মতি প্রয়োজন।

আমরা আশা করি আমাদের জনগণ এবং আমাদের পার্টনারগণ, হোক তারা আমাদের ডিস্ট্রিবিউটর, লাইসেন্সধারী, সাপ্লায়ার অথবা যেসকল এফিলিয়েটদের সাথে আমরা কাজ করি তারা, আমাদের মানদন্ডগুলো গ্রহণ এবং বাস্তবায়ন করবেন অথবা তাদের নিজস্ব নীতিমালা আমাদের মানদন্ডগুলোর সমতুল্য বা একই রকম হবে।

Pentland Brands-এ, আমরা কিভাবে একটি ইতিবাচক ব্যবসা প্রতিষ্ঠান হয়ে উঠতে পারি তার দিকে লক্ষ্য রাখি। আমাদের ইতিবাচক ব্যবসা কৌশল জনগণ এবং আমাদের পৃথিবীর জন্য আমাদের পদক্ষেপ গ্রহণ করার প্রতিশ্রুতিকে রূপরেখা দেয়।

আমাদের জনগণ চারটি নীতি মেনে চলে, যেগুলো প্রত্যেককে শুধুমাত্র মহৎ কাজ করতেই উৎসাহ দেয় না বরং এটাকে সঠিক উপায়ে সম্পাদন করতে উৎসাহ দেয়:

+ **সফলতা হলো একটি দলগত উদ্যোগ:** আমরা দলগতভাবে, দক্ষতা শেয়ার করে, এবং শেয়ারকৃত লক্ষ্য নিয়ে কাজ করলে আমাদের একক শক্তিমত্তা আরও বৃদ্ধি পায়।
+ **স্বচ্ছতা এবং সাহসিকতার সাথে:** আমাদের লক্ষ্যগুলো স্পষ্ট, সেগুলো অর্জনের ক্ষেত্রে আমরা সাহসী এবং দ্বিধাহীন।
+ **মানদন্ড হিসেবে উত্তম:** তৈরি করা, শিক্ষা গ্রহণ করা, উন্নতি করা; আমরা যা করি তাতে আরও উন্নত হওয়াই আমাদের স্বাভাবিক কর্ম।
+ **সুবিবেচনায়:** মর্যাদা অর্জন করতে হয়; আমরা একক ব্যক্তি অথবা সংগঠন উভয় হিসেবেই সহজ কাজ নয়, বরং সঠিক কাজটি করায় বিশ্বাস করি।

মানদন্ড হিসেবে উত্তম

স্বচ্ছতা এবং সাহসিকতার সাথে

সুবিবেচনায়

সফলতা হলো একটি দলগত উদ্যোগ

আমাদের প্রতিশ্রুতি এবং প্রস্তাব:

আমাদের লিডারশিপ টিম আমাদের ব্যবসার দীর্ঘস্থায়ী, টেকসই সফলতা অর্জনের উপর ফোকাস করে রয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে আমরা ভালো কর্পোরেট গভর্নেন্স, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং নৈতিক নীতি দ্বারা পরিচালিত।

কর্পোরেট গভর্নেন্স এর প্রতি আমাদের প্রস্তাব হলো ত্রিমুখী:

- **প্রতিরোধ:** এমন একটি সংস্কৃতি তৈরি করা ও বজায় রাখা যা আমাদের নীতিগুলোকে প্রচার করে। আমরা নীতিমালা, কার্যপ্রণালী, প্রশিক্ষণ এবং যোগাযোগ বাস্তবায়ন এবং পরামর্শ ও সহায়তা অফার করার মাধ্যমে উন্নত ঝুঁকি ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করতে চেষ্টা করে চলেছি।
- **নির্ণয় করা:** কন্ট্রোল, রিভিউ এবং কথা বলার সুযোগ প্রবর্তন করা।
- **প্রতিক্রিয়া:** সমস্যাগুলো দ্রুত মোকাবিলা করা এবং সেগুলো কার্যকরভাবে ও সঠিকভাবে সমাধান করা।

A) জনগণ

শুধু প্রযোজ্য কর্মসংস্থান সংক্রান্ত আইনগুলো মেনে চলার ক্ষেত্রেই নয়, এছাড়াও আমাদের সংস্কৃতিতে অবদান রাখে বলে, এই মানদন্ডগুলো গুরুত্বপূর্ণ। এটি নিশ্চিত করে যে আমাদের জনগণ জানেন তারা এমন একটি কোম্পানির অন্তর্গত যা তাদেরকে কোম্পানির সকল কার্যক্রমের কেন্দ্রবিন্দুতে রাখে। আমরা আমাদের কর্মীদের সাথে যে সম্পর্ক তৈরি করি তা আমাদের ব্যবসাকে পৃথিবীর সকল কোণায় আমাদের প্রতিদ্বন্দ্বীদের ছাড়িয়ে যেতে ও তাদের থেকে আরও বেশি দিন টিকে থাকতে সক্ষম করবে।

1. আমরা বুঝেছি যে সর্বোত্তম কর্মীকে আমাদের কোম্পানিতে নিয়োগ এবং আমাদের কোম্পানিতে তাদেরকে ধরে রাখাটা অত্যন্ত জরুরি।
2. আমরা সক্ষমতা, দক্ষতা, অভিজ্ঞতা, আচরণ, সম্ভাবনা এবং পারফর্মেন্সের ভিত্তিতে নিয়োগ, নিযুক্তি, পুরষ্কার, অগ্রগতি এবং পদোন্নতির ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে থাকি।
3. আমরা সকল জনগণকে সম্মান ও মর্যাদার সাথে সমানভাবে বিবেচনা করে আমাদের জনগণের জন্য একটি বিচিত্র এবং ইনক্লুসিভ পরিবেশ সমর্থন করি। আমরা একটি বিচিত্র এবং ইনক্লুসিভ সংস্কৃতি প্রচার করি যেখানে সাফল্য অর্জনের জন্য সবাইকে স্বাগতম জানানো, সহায়তা করা এবং উৎসাহিত করা হয়। আমরা যে উপায়ে আমাদের ব্যবসা পরিচালনা করি তাতে বৈচিত্র্য এবং ইনক্লুশন (D&I) বেশ গুরুতর।
4. আমাদের জনগণদের সম্ভাবনা অর্জনে সহায়তা করা ও আমাদের ব্যবসার প্রসারের উদ্দেশ্যে আমরা তাদেরকে প্রশিক্ষণ এবং পেশাগত উন্নয়নের জন্য উপযুক্ত এবং সঠিক সুযোগ অফার করি।
5. আমাদের শেয়ারহোল্ডারদের প্রতি আমাদের আর্থিক দায়বদ্ধতার ব্যাপারে সতর্ক থেকে একটি সঠিক, প্রতিদ্বন্দ্বীতামূলক বেতন ধার্য করে ও বজায় রেখে এবং সুযোগ-সুবিধার প্রোগ্রামের মাধ্যমে আমরা আমাদের জনগণকে আকর্ষণ করি, ধরে রাখি, উৎসাহিত করি এবং পুরষ্কৃত করি। আমাদের দায়িত্বগুলোর ন্যায্যতা ও ধারাবাহিকতা নিশ্চিতকরণের জন্য আমাদের একটি গ্লোবাল লেভেলিং ফ্রেমওয়ার্ক রয়েছে।
6. আমাদের সর্বদা লক্ষ্য থাকে সেই সকল ব্যক্তিদের নিয়োগ করা যারা আমাদের মানদন্ড ও নীতি শেয়ার ও সমর্থন করবে।
7. আমরা এমন এক ধরণের ইনক্লুসিভ কাজের পরিবেশ দিয়ে থাকি যা আমাদের টিমগুলোর মধ্যে সহযোগিতাপূর্ণ উপায়ে কাজ করাকে উৎসাহিত করে।
8. আমরা প্রত্যেকের প্রতি ন্যায্যভাবে, মর্যাদা, সততা এবং সম্মানের সাথে আচরণের মাধ্যমে এমন একটি পরিবেশ তৈরি করার চেষ্টা করি যেখানে জনগণ সম্মানিত বোধ করে।
9. আমাদের চারটি নীতি টিমওয়ার্ক, লক্ষ্য, ধারাবাহিক অগ্রগতি এবং সততার প্রচার করে।
10. সকল কর্মীদের জন্য আমরা নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ দিয়ে থাকি এবং তা বজায় রাখি।
11. আমরা আমাদের জনগণের বিশ্বাস অনুযায়ী নিজস্ব ধর্ম পালনের অধিকারকে সম্মান করে থাকি।
12. সংস্থাটির ভিতরে ও বাইরে কোনো পরিবর্তনের ক্ষেত্রে তাদের নিজস্ব ভূমিকা পালন, আমাদের কাস্টমার, কনজ্যুমার ও কমিউনিটিকে সাপোর্ট দেওয়ার ব্যাপারে আমরা আমাদের জনগণকে উৎসাহিত করি।
13. আমরা বৈষম্য, হুমকি অথবা হয়রানি সহ্য করি না এবং এরূপ আচরণ রোধ করতে পদক্ষেপ নিই। কোনও আচরণ আমাদের কর্মীদেরকে উদ্বিগ্ন করলে প্রতিশোধের ভয় ছাড়াই তা ব্যক্ত করার জন্য আমরা তাদের উৎসাহ ও ক্ষমতা প্রদান করি।
14. কর্মক্ষেত্রে সহিংসতার ক্ষেত্রে আমাদের জিরো-টলারেন্স নীতি রয়েছে এবং কোনো আচরণে অন্য কোনো ব্যক্তি হুমকি পেলে অথবা অনিরাপদ বোধ করলে আমরা তা নিষিদ্ধ করি।
15. আমরা আমদের কর্মীদের অ্যালকোহল বা কোনো বেআইনি মাদকে প্রভাবিত হয়ে কাজ করার অনুমতি দিই না।
16. যথাযথ ডেটা প্রোটেকশন স্ট্যান্ডার্ডের ভিত্তিতে ব্যক্তিগত ডেটা ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও স্থানান্তরিত করে আমরা কর্মীদের প্রাইভেসি অধিকারকে সম্মান করে থাকি।

B) কাস্টমারগণ

1. আমরা দৃঢ়, দীর্ঘস্থায়ী সম্পর্ক তৈরি করার মাধ্যমে কাস্টমার পেয়ে থাকি এবং ধরে রাখি। আমাদের প্রতিশ্রুতি রক্ষা হয় এমন সৎ, নীতিগত প্রস্তাব গ্রহণে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

2. যেসব পণ্য ও সেবাসমূহ দাম, গুণাগুণ, পারফর্মেন্স এবং স্টাইলের ক্ষেত্রে কাস্টমারদের উত্তম মান অফার করে আমরা সেসব সরবরাহ করার চেষ্টা করি। সর্বোত্তম পণ্য তৈরি করার জন্য ধারাবাহিক উন্নয়ন সাধন এবং নতুনত্ব আনার প্রতি আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

3. আমাদের পণ্য ও সেবাসমূহ সম্পর্কে আমরা কাস্টমারদের স্পষ্ট ও সত্য তথ্য দিয়ে থাকি।

4. আমরা কাস্টমারদের প্রাইভেসি অধিকারকে সম্মান করি এবং তারা আমাদেরকে যে তথ্য দেয় সেগুলো সর্বদা উপযুক্ত ডেটা প্রোটেকশন স্ট্যান্ডার্ডের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতা এবং গোপনীয়তার সাথে ব্যবহার করে থাকি।

5. আমরা একটি দায়িত্বশীল ও সত্যপরায়ণ পদ্ধতিতে আমাদের পণ্য এবং সেবাসমূহের প্রচারণা করার দায়িত্ব সম্পর্কে অবগত।

6. আমাদের পণ্য অথবা সেবাসমূহে কোনো গুণগত বা পারফর্মেন্সজনিত সমস্যা পাওয়া গেলে তা আমাদের কাস্টমারদের ন্যূনতম অসুবিধার কথা মাথায় রেখে আমরা তাৎক্ষণিকভাবে সমাধান করার চেষ্টা করি।

7. আমাদের পণ্যসমূহের নকল বাজারজাতকরণ প্রতিরোধে আমরা সকল যুক্তিসঙ্গত, কার্যকর পদক্ষেপ গ্রহণ করি।

C) পার্টনারগণ

1. আমরা জানি যে, আমরা আমাদের ব্যবসায় যে পর্যায়ের সফলতা অর্জন করি তাতে আমাদের পার্টনারগণ, হোক তারা আমাদের ডিস্ট্রিবিউটর, লাইসেন্সি, সাপ্লায়ার অথবা যেসকল এফিলিয়েটদের সাথে আমরা কাজ করি তাদেরও অংশীদারিত্ব থাকে।

2. আমাদের পার্টনারদের প্রতি আমরা দায়িত্বশীল ও নৈতিক আচরণ করে থাকি।

3. আমাদের পার্টনারদের সাথে দৃঢ়, ন্যায়সঙ্গত এবং বিশ্বস্ত সম্পর্ক তৈরি করতে ও বজায় রাখতে, পরস্পরের লাভজনক পার্টনারশিপ আরও উন্নত করতে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

4. আমরা সম্ভাব্য পার্টনার কোম্পানিগুলোর সাথে সম্পর্কে নিযুক্ত হওয়ার পূর্বে এক সেট ব্যবসার প্রয়োজনীয়তার ভিত্তিতে তাদের মূল্যায়ন করে থাকি। এগুলোর মধ্যে রয়েছে গুণমান, সেবা, সরবারহ করার নিশ্চয়তা, মূল্য, ইনোভেশন এবং স্থায়িত্ব।

5. আমরা পার্টনারদেরকে আমাদের মানদন্ড, আচরণ বিধি, এবং পরিবেশগত নীতি, সম্পর্কে পরামর্শ দিয়ে থাকি যা আমরা আশা করি তারা সম্ভাব্য সকল ক্ষেত্রে মেনে চলবে। যেসকল উৎপাদনকারী আমাদের পণ্যগুলো প্রত্যক্ষ্যভাবে অথবা পরোক্ষভাবে (লাইসেন্সিং, এজেন্ট অথবা ঘোষিত এবং অনুমোদিত সাবকন্ট্রাকটিং সম্পর্কের মাধ্যমে) উৎপাদন করে, তাদের অবশ্যই আমাদের আচরণ বিধি মেনে চলতে হবে।

6. পেমেন্টের ব্যাপারে আমরা সাপ্লায়ারদের সাথে সুস্পষ্ট শর্ত প্রতিষ্ঠা করি এবং সেই সকল শর্ত অনুসারে আমাদের প্রতিশ্রুতিগুলো মেনে চলি।

7. সাপ্লায়ারদের সাথে আমাদের ব্যবসার সকল পর্যায়ে আমরা সততা এবং ন্যায়পরায়ণতার উপর জোর দিয়ে থাকি এবং আমাদের কর্মী, এজেন্টদের অথবা তাদের পরিবারের সদস্যদের পেমেন্ট, অপরিমিত আতিথেয়তা বা উপহার দিয়ে আমাদের থেকে ব্যবসা পাওয়ার প্রচেষ্টা আমরা বরদাস্ত করি না।

D) আচরণ বিধি

ইতিবাচক ব্যবসা বলতে বোঝায় নৈতিকভাবে, স্বচ্ছভাবে কাজ করা এবং স্থায়িত্ব হলো আমাদের সমগ্র সংস্থার দায়িত্ব। প্রভাবকে ফোকাস করে, আমরা এমন একটি কৌশল তৈরি করেছি যা আমাদেরকে, একত্রে আরও দ্রুত ফলাফল অর্জন করতে দেবে।

আমরা নৈতিকভাবে বাণিজ্য করতে প্রতিজ্ঞাবদ্ধ। আমাদের আচরণ বিধি এথিকাল ট্রেডিং ইনিশিয়েটিভ (ETI) এর বেস কোড এবং ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (ILO) এর রীতিগুলোকে প্রতিফলিত করে। এই বিধির ন্যূনতম মানদন্ডগুলি সম্ভাব্য সকল স্থানে অতিক্রম করা উচিৎ। এটি প্রয়োগের ক্ষেত্রে, সাপ্লায়ারকে অবশ্যই জাতীয় ও অন্যান্য প্রযোজ্য আইন মান্য করতে হবে, এবং যেখানে আইনের শর্ত এবং এই বিধি একই বিষয়কে উদ্দেশ্য করে, সেক্ষেত্রে যে শর্তাবলির ফলে কর্মীরা বেশি সুরক্ষা পায় সেগুলো প্রয়োগ করতে হবে।

1. কর্মসংস্থান স্বাধীনভাবে বাছাই করা হয়

1.1 জোরপূর্বক, দণ্ডিত অথবা অনৈচ্ছিকভাবে খাটানো হয় না।

1.2 কর্মীদের তাদের নিয়োগকর্তাদের নিকট “ডিপোজিট”, পরিচয় পত্র অথবা অন্যান্য সিকিউরিটি দাখিল করার প্রয়োজন নেই এবং যুক্তিসঙ্গত বিজ্ঞপ্তি দিয়ে তাদের নিয়োগকর্তাদের ছেড়ে যেতে পারেন।

2. অ্যাসোসিয়েশনের স্বাধীনতা এবং যৌথ দর কষাকষির অধিকারকে সম্মান করা হয়

2.1 সকল কর্মীদের ট্রেড ইউনিয়নে যুক্ত হওয়ার বা তাদের নিজস্ব বাছাই করা ট্রেড ইউনিয়ন তৈরি করা এবং যৌথ দরাদরির অধিকার রয়েছে। তাদের ট্রেড ইউনিয়নে যুক্ত না হতে চাওয়ার অধিকারও রয়েছে।

2.2 ট্রেড ইউনিয়নের কার্যক্রম ও তাদের সদস্য অন্তর্ভুক্তির প্রতি সাপ্লায়ারগণ উন্মুক্ত মনোভাব পোষণ করেন।

2.3 কর্মীদের প্রতিনিধিদের বিরুদ্ধে বৈষম্য করা হয় না এবং কর্মক্ষেত্রে গিয়ে তাদের প্রতিনিধিত্বকর কাজকর্ম করার ব্যাপারে তারা অনুমতিপ্রাপ্ত।

2.4 অ্যাসোসিয়েশনের স্বাধীনতা এবং যৌথ কারবারীর অধিকার আইন দ্বারা সীমাবদ্ধ থাকলে, কর্মীদের মুক্ত ও স্বাধীন অ্যাসোসিয়েশন এবং কারবারীর জন্য সমান্তরাল পন্থার বিকাশকে নিয়োগকর্তা সমর্থন করে।

3. কাজের পরিবেশ নিরাপদ ও স্বাস্থ্যকর

3.1 এই শিল্পের ফলপ্রদ জ্ঞান এবং কোনো নির্দিষ্ট ক্ষয়ক্ষতির কথা মাথায় রেখে, একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ দেওয়া হবে। কর্মক্ষেত্রে অন্তর্নিহিত ঝুঁকির কারণ যতটা সম্ভব কমিয়ে কাজের জন্য কাজের সাথে সম্পর্কিত বা কাজ চলমান অবস্থায় ঘটিত দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধ করতে পর্যাপ্ত পদক্ষেপ নিতে হবে।

3.2 কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত নিয়মিত এবং রেকর্ড করা প্রশিক্ষণ পাওয়া উচিৎ, এবং এইরকম প্রশিক্ষণ নতুন ও পুনরায় নিযুক্ত কর্মীদের জন্য পুনরায় সংঘটিত করা উচিৎ।

3.3 পরিষ্কার টয়লেট এর সুবিধা ও পানযোগ্য পানি, এবং উপযুক্ত হলে, ফুড স্টোরেজের জন্য স্যানিটারি সুবিধা দেওয়া হবে।

3.4 বাসস্থান, দেওয়া হলে, তা পরিষ্কার, নিরাপদ রাখতে হবে, এবং কর্মীদের মৌলিক চাহিদাগুলো পূরণ হতে হবে।

3.5 বিধিগুলো যে কোম্পানি পর্যবেক্ষণ করে তারা একজন সিনিয়র ম্যানেজমেন্ট প্রতিনিধিকে স্বাস্থ্য এবং নিরাপত্তার দায়ভার দেবে।

4. শিশুশ্রম করানো যাবে না

4.1 শিশুশ্রম সম্পর্কিত কোনো নতুন নিয়োগ হবে না।

4.2 কোম্পানিগুলোর সেসকল নীতিমালা এবং প্রোগ্রাম তৈরি করা অথবা এগুলোতে অবদান রাখতে অংশগ্রহণ করা উচিৎ যেগুলো শিশুশ্রমে লিপ্ত কোনো শিশুকে পাওয়া গেলে সে যেদিন আর অপ্রাপ্তবয়স্ক থাকবে না সেদিন পর্যন্ত তার (শিশু) সুশিক্ষা গ্রহণ ও তা চলমান রেখে তার পরিবর্তনের জন্য কাজ করে।

4.3 শিশু ও 18 বছরের কমবয়সী মানুষদের রাত্রিকালীন কাজে অথবা বিপজ্জনক পরিস্থিতিতে কাজ করতে নিযুক্ত করা যাবে না।

4.4 এই নীতিমালা ও নিয়মগুলো প্রাসঙ্গিক ILO মানদণ্ডগুলোর অনুরূপ হতে হবে।

4.5 যদি না স্থানীয় আইন বাধ্যতামূলকভাবে স্কুল ছাড়ার সর্বোচ্চ কোনো বয়স অথবা কাজ করার ন্যূনতম বয়স নির্ধারণ করে দেয়, যে ক্ষেত্রে সর্বোচ্চ বয়স প্রযোজ্য হবে, তাহলে এই বিধিতে "শিশু" বলতে 15 বছরের কম বয়সী কাউকে বোঝায়; এবং "শিশুশ্রম" বলতে শিশু অথবা কম বয়সী কারো দ্বারা যেকোনো কাজ করানোকে বোঝায়।

5. জীবকা নির্বাহের মজুরি পরিশোধ করা হয়

5.1 জীবিকা নির্বাহের মজুরি হলো একজন কর্মীর নিজের ও তাদের পরিবারের মৌলিক চাহিদাগুলো পূরণের জন্য ন্যূনতম আয় সহ কিছু স্বীয় ঐচ্ছিক আয়। এটি কাজ করার বৈধ সময়সীমার মধ্যে অর্জন করা উচিৎ (উদা. ওভারটাইম ব্যতীত)।

স্ট্যান্ডার্ড এক সপ্তাহের কাজের প্রদত্ত মজুরি এবং সুবিধাদি ন্যূনতম ন্যাশনাল লিগ্যাল স্ট্যান্ডার্ড অথবা ইন্ডাস্ট্রি বেঞ্চমার্ক স্ট্যান্ডার্ড যেটাই উচ্চতর হয় সেটা মেনে নির্ধারণ করা উচিৎ। যাই ঘটুক না কেন, মজুরি সর্বদা মৌলিক চাহিদা পূরণ করা এবং কিছু স্বীয় আয় দিতে পারার মত পর্যাপ্ত হতে হবে।

5.2 সকল কর্মীকে কাজে নিয়োগের পূর্বে মজুরির ক্ষেত্রে তাদের কর্মসংস্থানের শর্তগুলোর বিষয়ে এবং প্রতিবার মজুরি পরিশোধের সময় তাদের মজুরির নির্দিষ্ট কত অংশ পরিশোধ করা হবে সে সম্পর্কে লিখিত ও বোধগম্য তথ্য দিতে হবে।

5.3 শাস্তিমূলক পদক্ষেপ হিসেবে মজুরি কর্তন অনুমোদিত হওয়া উচিৎ নয়, এছাড়া জড়িত কর্মীর ব্যক্ত অনুমতি ছাড়া জাতীয় আইন দ্বারা অনুমোদিত না থাকলে মজুরি থেকে কোনো অংশ কেটে নেওয়া উচিৎ নয়। সকল শাস্তিমূলক পদক্ষেপের রেকর্ড থাকা উচিৎ।

6. ওয়ার্কিং আওয়ার অত্যধিক যেন না হয়

6.1 অবশ্যই জাতীয় আইন, সম্মিলিত চুক্তি, এবং নিম্নোক্ত 6.2 থেকে 6.6 পয়েন্ট পর্যন্ত শর্তগুলোর মধ্যে যেগুলো কর্মীদের বেশি সুরক্ষা দেয় সেগুলো মেনে ওয়ার্কিং আওয়ার নির্ধারণ করতে হবে।

6.2 থেকে 6.6 পর্যন্ত উপধারা গুলো ইন্টারন্যাশনাল লেবার স্ট্যান্ডার্ডের উপর ভিত্তি করে বানানো হয়েছে।

6.2 চুক্তিতে ওভারটাইম ছাড়া ওয়ার্কিং আওয়ার সংজ্ঞায়িত থাকতে হবে, এবং তা সাপ্তাহিক 48 ঘন্টার বেশি হতে পারবে না।*

6.3 সকল ওভারটাইম ঐচ্ছিক হতে হবে। নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করে, ওভারটাইম দায়িত্বশীলভাবে ব্যবহার করতে হবে: পরিমাণ, কত ঘন ঘন করা হচ্ছে এবং একজন কর্মী এককভাবে কত ঘন্টা কাজ করেছে ও সামগ্রিকভাবে সবাই মিলে কত ঘন্টা কাজ করেছে। স্বাভাবিক এমপ্লয়মেন্টকে প্রতিস্থাপিত করতে এটি ব্যবহার করা যাবে না। ওভারটাইমের প্রতিদান সর্বদা একটি প্রিমিয়াম রেটে পরিশোধ করতে হবে, যা স্বাভাবিক বেতনের হারের 125% এর চেয়ে কম হওয়া যাবে না বলে সুপারিশ করা হয়েছে।

6.4 নিম্নোক্ত 6.5 ধারায় উল্লেখিত কোনো কারণ ছাড়া যেকোনো সাত-দিবস সময়কালে কাজ করার মোট সময় 60 ঘন্টার বেশি হওয়া যাবে না।

6.5 নিম্নোক্ত সকল বিষয়ের ভিত্তিতে শুধুমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে যেকোনো সাত-দিবস সময়কালে কাজ করার মোট সময় 60 ঘন্টার বেশি হতে পারে:

- এটা জাতীয় আইন দ্বারা অনুমোদিত;
- কর্মীদের উল্লেখযোগ্য অংশের প্রতিনিধিত্ব করে এমন কোনো সংস্থার সাথে স্বাধীনভাবে আলোচনার মাধ্যমে সম্মিলিত চুক্তি দ্বারা এটা অনুমোদিত;
- কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তার জন্য উপযুক্ত সুরক্ষামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছে; এবং
- নিয়োগকর্তা ব্যতিক্রমী পরিস্থিতি যেমন উৎপাদনের অপ্রত্যাশিত চাপ, দুর্ঘটনা অথবা ইমার্জেন্সি প্রযোজ্য হলে প্রদর্শন করতে পারে।

6.6 প্রতি সাত-দিবস সময়কালে কর্মীদের ন্যুনতম এক দিন ছুটি দিতে হবে অথবা, যেখানে জাতীয় আইন দ্বারা অনুমোদিত সেখানে প্রতি 14 দিবস সময়কালে দুই দিন ছুটি দিতে হবে।

7. কোনো বৈষম্য মেনে নেওয়া হয় না

7.1 নিয়োগ, ক্ষতিপূরণ, প্রশিক্ষণে সুযোগ, পদোন্নতি, চাকরিচ্যুতি বা অবসরের ক্ষেত্রে জাতি, বর্ণ, জাতীয় পরিচয়, ধর্ম, বয়স, প্রতিবন্ধিতা, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, যৌন দৃষ্টিভঙ্গী, ইউনিয়নের সদস্যপদ বা রাজনৈতিক অন্তর্ভুক্তির উপরে ভিত্তি করে কোনো বৈষম্য করা হয় না।

8. নিয়মিত কর্মসংস্থান দেওয়া হয়

8.1 কাজ সব সময় যতটুকু সম্ভব জাতীয় আইন ও অনুশীলনের মাধ্যমে প্রতিষ্ঠিত স্বীকৃত কর্মসংস্থানের সম্পর্কের ভিত্তিতে হওয়া উচিত।

8.2 স্বাভাবিক চাকরীর সম্পর্কের ফলে শ্রম বা সামাজিক নিরাপত্তা আইন ও বিধি-বিধানের মাধ্যমে কর্মচারীদের প্রতি দায়বদ্ধতা শুধুমাত্র শ্রম-চুক্তি, সাব-কন্ট্র্যাক্টিং, বা বাসায় কাজ করার চুক্তির মাধ্যমে অথবা শিক্ষানবিশ স্কিমের মাধ্যমেও এড়িয়ে চলা যাবে না যেখানে কিনা যথাযথ দক্ষতা অথবা নিয়মিত কর্মসংস্থানের কোনো প্রকৃত ইচ্ছা নেই, অথবা ফিক্সড-টার্ম কর্মসংস্থান চুক্তির মাধ্যমেও কর্মচারীদের প্রতি আলোচ্য দায়বদ্ধতা এড়িয়ে চলা যাবে না।

9. কোনো ধরণের রূঢ় বা অমানবিক আচরণ গ্রহণযোগ্য নয়

9.1 শারীরিক নির্যাতন বা এ জাতীয় কোনো নিয়ম ভাঙা, শারীরিক নির্যাতনের হুমকি দেওয়া, যৌন বা অন্য কোনো ধরণের হয়রানি করা এবং মৌখিক ভাবে নির্যাতন করা বা অন্য ধরণের ভয় দেখানো নিষিদ্ধ।

9.2 কোম্পানির উচিত সকল শ্রমিকদের জন্য গোপনীয়তার সাথে অভিযোগ প্রদান করার ব্যবস্থা করা।

10. বিনা অনুমতিতে সাবকন্ট্র্যাক্ট দেওয়া নিষিদ্ধ

10.1 আমাদের সরবরাহ চেইনের ভেতরে সাবকন্ট্রাক্টরদের কোনো অর্ডার দেওয়ার আগে আমাদের লিখিত ঘোষণা ও অনুমতি নিতে হবে। এই সকল সাবকন্ট্র্যাক্টরদের সাথে সকল লেনদেন লাইসেন্সে থাকা শর্ত, পার্টনারদের সাথে করা উৎপাদন ও বিতরণ চুক্তি মেনে করতে হবে। যেখানে আমাদের সরবরাহকারীরা ঘোষণা দেন এবং আমাদের হোমওয়ার্কিং নীতির সাথে সামঞ্জস্য থাকে সেখানে আমরা হোমওয়ার্কিং-এর অনুমতি দিই।

10.2 সকল প্রকাশ করা ও অনুমোদন দেওয়া সাব কন্ট্রাক্টরদের অবশ্যই আমাদের নিয়ম-নীতি মেনে চলতে হবে।

10.3 সাব-কন্ট্রাক্টিং, হোমওয়ার্কিং এবং বাইরের প্রক্রিয়ার কাজ পরিচালনা করার জন্য পদ্ধতি ও প্রক্রিয়াগুলি সঠিকভাবে প্রয়োগ হওয়া উচিত।

E) পরিবেশ

বিশ্বের প্রতি সম্মানটাই দীর্ঘ দিন যাবৎ আমাদের ব্যবসার মূল বিষয়। আমাদের ইতিবাচক ব্যবসায়িক কৌশলের সাথে মিল রেখে পরিবেশের উপর আমাদের কার্যকলাপ এবং উপকরণের প্রভাব কমিয়ে আনার জন্য আমরা দৃঢ় প্রতিজ্ঞ। পরিবেশ রক্ষায় আমাদের কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ রয়েছে যেগুলোর উদ্দেশ্য আমাদের সংস্থার বিভিন্ন ক্ষেত্রে প্রকৃত ও স্পষ্ট উন্নতিসাধন, যা আমাদের একটি ইতিবাচক পরিবেশ বজায় রেখে যেতে সাহায্য করবে।

1. কার্যকরভাবে যতোটা সম্ভব সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে আমরা দৃঢ় প্রতিজ্ঞ এবং আমরা পরিবেশ বিষয়ক সংশ্লিষ্ট সকল আইন মেনে চলি।

2. আমরা আমাদের ফ্যাসিলিটিসমূহ, যেমন আমাদের অফিস, ডিস্ট্রিবিউশন সেন্টার এবং রিটেইল স্টোরসমূহে কার্যকরভাবে শক্তি ও পানির ব্যবহার এবং বর্জ্য নিয়ন্ত্রণ করে থাকি। আমাদের প্রতিটি ফ্যাসিলিটির জন্য আমাদের লক্ষ্য হচ্ছে:

- আমাদের কার্বন ডাইঅক্সাইড গ্যাস নির্গমন কমিয়ে আনা, খরচ কমানো, শক্তি সংক্রান্ত-ঝুঁকির সম্ভাবনা কমানো এবং নতুন আইন মেনে চলার ক্ষেত্রে আমাদের নিজেদের প্রস্তুত রাখতে কার্যকরভাবে শক্তির ব্যবহার করা;

- পানির ব্যবহার কমিয়ে আনা এবং, এরকমটি করার সাথে সাথে ভবিষ্যতে পানির ঘাটতি সংক্রান্ত সমস্যা হওয়ার সম্ভাবনা কমিয়ে আনা; এবং

- বর্জ্য পদার্থের পরিমাণ কমিয়ে আনা কার্যকরভাবে যতোটা সম্ভব এসকল বর্জ্যের পুনর্ব্যবহার করা।

3. কার্বন ডাইঅক্সাইড নির্গমন কমিয়ে আনার লক্ষ্যে আমরা বিমান পথে পরিবহন প্রক্রিয়ার পরিমাণ যথাসম্ভব সীমিত পর্যায়ে রাখি।

4. আমরা পরিবেশের কথা মাথায় রেখে আমাদের পণ্যসমূহ ডিজাইন এবং উৎপাদন করার প্রক্রিয়ার খুঁজে থাকি, এবং এভাবে আরও অধিক পরিবেশ বান্ধব উপাদান ও প্যাকেজিং ব্যবহারের প্রচলনের দিকে অগ্রসর হই।

5. পণ্য উৎপাদনের ক্ষেত্রে আমরা বিপজ্জনক বা সীমিত পদার্থসমূহের ব্যবহার নিয়ন্ত্রিত রাখি, এবং সংশ্লিষ্ট আইন মেনে চলি।

6. আমরা আমাদের সরবরাহকারীদের সব সময় তাদের উৎপাদন ব্যবস্থাপনার পরিবেশগত মান উন্নত করার জন্য উৎসাহ প্রদান করি, বিশেষ করে শক্তির ব্যবহার, পানির ব্যবহার হ্রাস এবং বর্জ্যের ব্যাপারে গুরুত্ব দিই।

7. আমরা সব সময় পরিবেশবান্ধব পণ্য এবং সেবা ক্রয়ের পরিমাণ বৃদ্ধির সুযোগের খোঁজে থাকি।

8. আমরা উপলব্ধি করেছি যে আমাদের ব্র্যান্ড ও পণ্যসমূহের দীর্ঘমেয়াদী ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য প্রয়োজন উদ্ভাবনী এবং সৃজনশীল প্রচেষ্টা যার মাধ্যমে প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও মর্যাদা করা সম্ভব হবে।

9. আমরা সব সময় সার্থক ও সংশ্লিষ্ট চ্যারিটি এবং কমিউনিটি অর্গানাইজেশন ও তাদের কার্যকলাপের প্রতি সমর্থন জানাই ও সহায়তা প্রদান করি।

F) আমাদের ব্যবসা পরিচালনার ধরণ

আমরা মনে করি যে, কোম্পানি হিসেবে আমাদের সফলতা এবং স্থায়িত্বের পিছনে মূলমন্ত্র হচ্ছে আমাদের সততা এবং নৈতিকতা। এটি আমাদের সকল প্রকার আচার-আচরণের একটি হলমার্ক এবং আমাদের সাথে আমাদের আওতাধীন কর্মরত সবার, আমাদের গ্রাহক ও পার্টনারদের সাথে সম্পর্কের সর্ব ক্ষেত্রে এর বিশেষ প্রভাব রয়েছে।

1. ঝুঁকি

1.1 আমরা বুঝি যে আদর্শ কর্পোরেট প্রশাসনের একটি মূল উপাদান হচ্ছে সকল প্রকার ঝুঁকির চিহ্নিতকরণ, মূল্যায়ন এবং নিয়ন্ত্রণ করা। প্রধান ঝুঁকিসমূহ নিয়মিত নিরীক্ষণ করা হয়, সেই সাথে উল্লেখযোগ্য যেকোনো নতুন ঝুঁকি ম্যানেজমেন্টের যথাযথ স্তরে হাইলাইট করা হয়।

1.2 আমাদের প্যারেন্ট কোম্পানির গ্রুপ ইন্টারনাল অডিট ফাংশন বিভিন্ন ধরণের অভ্যন্তরীণ ঝুঁকি নিয়ন্ত্রণের কার্যকারিতা জন্য নিয়মিত ইন্টারনাল কন্ট্রোলের কার্যকারিতা পর্যালোচনা করে।

2. নৈতিকতা এবং সততা

2.1 আমরা কখনোই অসৎ, অনৈতিক বা দুর্নীতিমূলক কার্যকলাপ সহ্য করবো না।

2.2 আমরা কখনোই অসৎ উপায়ে বা জালিয়াতি করে, বা মিথ্যা কোনো দাবি করে কোনো প্রকার সুবিধা গ্রহণের চেষ্টা করবো না।

2.3 আমরা সজ্ঞানে কখনোই কোম্পানির অর্থ বা সম্পদ কোনো প্রকার প্রতারণা বা জালিয়াতি কাজে ব্যবহৃত হতে দেবো না।

3. ঘুষ আদানপ্রদান-বিরোধী এবং দুর্নীতি

3.1 ঘুষ গ্রহণ বা প্রদান বা অবৈধ পেমেন্ট সংক্রান্ত কার্যকলাপ আমরা কখনোই সহ্য করবো না, এবং সরাসরি বা কোনো থার্ড পার্টির মাধ্যমে, যেভাবেই হোক না কেন আমরা কখনো কোনো প্রকার অসৎ বা দুর্নীতিমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবো না।

3.2 আমাদের ঘুষ আদানপ্রদান-বিরোধী এবং দুর্নীতি সংক্রান্ত নীতিমালায় আমাদের ব্যবসার ধরণ এবং এর কার্যপ্রণালী সুষ্ঠুভাবে বজায় রাখার উদ্দেশ্যে আমাদের দায়িত্বসমূহের ব্যাপারে উল্লেখ করা হয়েছে, এবং সেই সাথে দায়িত্বসমূহের ব্যাপারেও বলা হয়েছে যারা আমাদের জন্য কাজ করেন। এছাড়াও যারা আমাদের জন্য কাজ করেন তারা ঘুষ আদানপ্রদান এবং দুর্নীতি সংক্রান্ত সমস্যাসমূহ কিভাবে মোকাবিলা করবেন সে বিষয়ে তথ্য এবং নির্দেশনা এখানে প্রদান করা হয়েছে।

4. কর

4.1 আমরা Pentland Group এবং এর ইউকে সহায়ক কোম্পানিগুলোর জন্য আমাদের ইউকে ট্যাক্স স্ট্র্যাটেজি প্রতি বছর আমাদের ওয়েবসাইটে প্রকাশ করে থাকি। প্রদত্ত ওয়েব ঠিকানায় এটি পাওয়া যাবে pentlandgroup.com/corporate-governance।

4.2 সরাসরি বা কোনো থার্ড পার্টির মাধ্যমে, যেভাবেই হোক না কেন আমরা কখনো কর ফাঁকি দেওয়ায় অংশগ্রহণ বা সহ্য করবো না।

4.3 করদাতা হিসেবে এবং আমাদের কর্মী, গ্রাহক ও পার্টনারদের সাথে সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল আইন মেনে চলতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ, সেই সাথে ইউকে ক্রিমিনাল ফাইনান্সেস অ্যাক্ট 2017 এর পার্ট 3 এর অন্তর্ভুক্ত কর্পোরেট অফেন্সেস অব ফেলিওর টু প্রিভেন্ট ফেসিলিটাশন অব ট্যাক্স ইভেশন মেনে চলতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

5. উপহার এবং আতিথেয়তা

5.1 উপহার এবং আতিথেয়তা সংক্রান্ত আমাদের নির্দেশিকায় উপহার এবং আতিথেয়তা সম্বন্ধে আমাদের করণীয় বা অবস্থানের ব্যাপারে চিহ্নিত করা হয়েছে, অর্থাৎ, কোনটি আমাদের ইন্ডাস্ট্রির জন্য বৈধ, ন্যায্য এবং উপযুক্ত সে বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে।

6. পক্ষসমূহের মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব

6.1 কর্মীদের নিজেদের স্বার্থ এবং কোম্পানির স্বার্থের মধ্যে যেকোনো প্রকার পারস্পরিক দ্বন্দ্বের সৃষ্টি হয় এরকম কোনো কর্মকাণ্ডে কর্মীরা যেন নিজেদের সম্পৃক্ত না করে সেজন্য আমাদের কোম্পানির নিয়ম অনুযায়ী তাদেরকে অবশ্যই সে বিষয়ে বিশেষ খেয়াল রাখতে হবে।

6.2 কোম্পানির নিয়ম অনুযায়ী আমাদের কর্মীদের অবশ্যই কোম্পানির প্রতি যত্নের সাথে দায়িত্বশীল থাকতে হবে এবং যেকোনো প্রকার সংশয় থাকলে তা নিয়ে যথাযথ একজন সিনিয়র ম্যানেজারের সাথে সলা-পরামর্শ করতে হবে।

7. প্রতিযোগিতা

7.1 আমরা একটি অবাধ ও নিরপেক্ষ প্রতিযোগিতায় বিশ্বাসী এবং শুধুমাত্র সুষ্ঠু ও আইনত উপায়েই প্রতিযোগিতামূলক সুবিধা গ্রহণ করে থাকি।

7.2 আমরা সাধারণ জনগণের জন্য নয় এরকম সকল তথ্য বা অন্যান্য যেকোনো সংবেদনশীল তথ্য থার্ড পার্টির সাথে আদানপ্রদান করা থেকে বিরত থাকি, যদি না সেটি যথার্থভাবে চুক্তিবদ্ধ থাকে।

7.3 আমরা অবৈধ কোনো উপায়ে প্রতিযোগী কোম্পানির গোপন তথ্য গ্রহণ করার চেষ্টা করবো না।

7.4 প্রতিযোগিতা বিষয়ে সংশ্লিষ্ট এবং প্রযোজ্য আইন মেনে চলার প্রয়োজনীয়তা সম্পর্কে আমাদের কর্মীদের অবগত ও শিক্ষা প্রদান করতে আমরা বিভিন্ন রিসোর্স প্রদান করি, যার মধ্যে কিছু নীতিমালা, নির্দেশিকা এবং প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে, এবং সেই সাথে সম্ভাব্য চ্যালেঞ্জসমূহ কিভাবে প্রতিরোধ, চিহ্নিতকরণ এবং মোকাবিলা করতে হবে সেসকল বিষয় বুঝতে সহায়তা প্রদান করি।

8. ইন্টেলেকচুয়াল প্রোপার্টি

8.1 ইন্টেলেকচুয়াল প্রপার্টি আমাদের প্রধান সম্পত্তিগুলোর মধ্যে অন্যতম এবং একারণে এটি সবসময়ই সঠিকভাবে ব্যবহার করা হবে এবং যথাযথভাবে এর নিরাপত্তা নিশ্চিত করা হবে। এর মধ্যে রয়েছে ট্রেড মার্ক, ডিজাইন, লোগো, কপিরাইট এবং প্যাটেন্ট।

8.2 থার্ড পার্টিসমূহ কেবলমাত্র কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন এবং একটি উপযুক্ত চুক্তিপত্রের মাধ্যমে আমাদের ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ব্যবহার করতে পারবে।

9. তথ্য প্রযুক্তি

9.1 আমাদের কোম্পানির নিয়ম অনুযায়ী কর্মীদের অবশ্যই তাদের কোম্পানি ইমেইল, ইন্টারনেট এবং সোশ্যাল মিডিয়ার অ্যাকাউন্ট দায়িত্বশীলভাবে ব্যবহার করতে হবে এবং কোম্পানির ম্যানেজমেন্ট ও বিজনেস ইনফরমেশন সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।



সমগ্র বিশ্বের জন্য ব্র্যান্ডগুলোর একটি গোত্র তৈরি করা যাকে প্রজন্মের পর প্রজন্ম ভালোবাসবে।

@pentlandbrands @pentlandjobs

facebook.com/PentlandBrands

www.pentlandbrands.com

© Pentland Group plc 2014. সর্বস্বত্ব সংরক্ষিত।

Pentland